

স্মারক নং- উমাশিঅ/রূপ/নারা/২০/১৭২

তারিখ : ১৩/০২/২০২০ইং

বিষয় : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বাষিকী উদযাপন উপলক্ষে সারা বছরব্যাপী  
কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে সরকারের বিভিন্ন নির্দেশনা মোতাবেক রূপগঞ্জ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিম্নলিখিত কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করা হলো।

১। প্রতিটি প্রতিষ্ঠানে প্রাত্যহিক সমাবেশের পূর্বে প্রতি সপ্তাহে অন্তত ০১ (এক) দিন মুক্তিযোদ্ধা/মুক্তিযুদ্ধ প্রত্যক্ষদর্শী/মুক্তিযোদ্ধার নিকটআত্মীয়দের নিকট থেকে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধের গল্প শোনার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২। মুজিব বর্ষকে সামনে রেখে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ার লক্ষ্যে "পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর" কার্যক্রমের বিস্তারিত কর্মপরিকল্পনার আলোকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে সকল অফিস, আঙ্গিনা ও প্রতিষ্ঠান পরিচ্ছন্ন রাখার কার্যক্রম গ্রহণ করতে হবে।

৩। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার স্থাপন নিশ্চিত করতে হবে।

৪। রচনা প্রতিযোগিতা, উপস্থিত বক্তৃতা, কবিতা আবৃত্তি, চিত্রাংকন ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা।

৫। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে সততা স্টোর স্থাপন নিশ্চিত করা।

৬। বঙ্গবন্ধুর আদর্শের উপর আলোচনা সভার আয়োজন করা।

৭। ১০-১২মার্চ/২০ইং তারিখে শিক্ষা প্রতিষ্ঠানে বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতার আয়োজন করা এবং ফলাফল নিম্নস্বাক্ষরকারী কার্যালয়ে জমা প্রদান।

৮। সকল শিক্ষা প্রতিষ্ঠানে মার্চ/২০ মাসে আলোকসজ্জা করা।

৯। ১৭ইমার্চ বঙ্গবন্ধুর জন্মদিন উপলক্ষে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে বর্নাত্য র্যালী, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা।

১০। ১৫ই আগষ্ট শোক দিবসে আলোচনা সভা ও মিলাদ মাহফিলের আয়োজন করা।

প্রতি মাসের ৩(তিন) তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের গৃহীত কার্যক্রমের বিবরণ এবং চলমান মাসের কার্যক্রম লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করতে হবে।

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার .....  
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

(রফিক উদ্দিন আহম্মদ)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

স্মারক নং- উমাশিঅ/রূপ/নারা/২০/১৭২

তারিখ : ১৩/০২/২০২০ইং

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

১। মাননীয় মন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয় জনাব গোলাম দস্তগীর গাজী(বীর প্রতীক)এমপি, নারায়ণগঞ্জ-১, রূপগঞ্জ।

২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

৩। উপজেলা নির্বাহী অফিসার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

৪। জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।

৫। অফিস কপি।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।